দৈনিক জনকণ্ঠ 145

তারিখ 30 DEC 1993
পৃষ্ঠা ১ কলাম ৬

বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২৩৪টি সংঘর্ষ

# চলতি বছর ৩৯ ছাত্র নিহত আহত ৩ হাজারের বেশি

শরিফুজ্জামান পিন্টু

সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ১৯৯৩ সালের জানুয়ারি থেকে ২৯ ডিসেম্বর পর্যন্ত নিহত হয়েছে

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## চলতি বছর ৩৯

(প্রথম পৃষ্ঠার পর)

৩৯ ছাত্র। আহত হয়েছে ৩ হাজার ৭৬ জন। বিভিন্ন ছাত্র সংগঠনের অভ্যন্তরীণ কোন্দলসহ সর্বমোট ২৩৪টি সংঘর্ষ হয়েছে। পৃথক পৃথকভাবে ৭০ বার বন্ধ হয়েছে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য বছরের সবচেয়ে উত্তপ্ত মাস ছিল ফেব্রুয়ারি। এ মাসেই নিহত হয়েছে ১০ ছাত্র। আহত হয়েছে ৮০০ জন এবং বন্ধ হয়েছে ৫টি শিক্ষা প্রতিষ্ঠান। এ মাসে সংঘর্ষ হয়েছে ২০টি।

অন্যান্য বছরের তুলনায় '৯৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ছিল আপেক্ষাকৃত শান্ত। তবু প্রাণহানি ঘটেছে তিন ছাত্রের। আহত হয়েছে শতাধিক। তবে কর্তৃপক্ষ একদিনের জন্যও বিশ্ববিদ্যালয় বন্ধ করেনি।

শিক্ষাঙ্গনের সবচেয়ে কলঙ্কিত ঘটনাটি ঘটে ২৯ জুলাই। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কতিপয় ছাত্র ঐদিন লাঞ্ছিত করে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষককে। একই মাসে ইসলামী বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষককে লাঞ্ছিত করে ছাত্ররা। যার ফলে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন সন্ত্রাসীদের বিচারের দাবিতে রাস্তায় নামে। ধর্মঘট, প্রতীক অনশন, অনশন, মিছিল ও সমাবেশের মাধ্যমে তাঁরা দোষীদের শাস্তি দাবি করেন। আর এসবের কারণে মাঝে মধ্যে ব্যাহত হয়েছে শিক্ষার সুষ্ঠু পরিবেশ।